গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৭

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ........ ১৮

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বিচার ব্যবস্থার প্রাতিষ্ঠানিক ও কাঠামোগত উন্নয়ন সাধন করে জনগণের ন্যায়বিচার প্রাপ্তি নিশ্চিতকরণে সহায়ক পরিবেশ সৃষ্টি করা এ বিভাগের প্রধান লক্ষ্য। সেই লক্ষ্য বাস্তবায়নের জন্য বাংলাদেশের ৬৪টি জেলা সদরে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ (ফেজ-১) (সংশোধিত) প্রকল্পের আওতায় ৩০ (ত্রিশ) টি জেলা সদরে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। ৩০ (ত্রিশ)টি জেলা জজ ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ হয়েছে। ০২ (দুই) টি জেলা রেজিস্ট্রি ভবন এবং ৩৪ (চৌত্রিশ) টি উপজেলায় সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ করা হয়েছে। তাছাড়া, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার মাধ্যমে বিগত তিন বছরে নারী, পুরুষ ও শিশুসহ মোট ২,৮৪, ১৮৭ ( দুই লক্ষ চুরাশি হাজার এক শত সাতাশি ) জন বিচারপ্রার্থীকে আইনগত সহায়তা প্রদান করা হয়েছে। আইনগত সহায়তা প্রদানের মাধ্যমে মোট ৪০, ৫৩২ (চল্লিশ হাজার পাঁচ শত বত্রিশ) টি মামলা নিষ্পত্তি করে ক্ষতিগ্রস্থ পক্ষকে ৬৭, ৬৫, ৬২, ৩৩৮ (সাতষট্টি কোটি পঁয়ষট্টি লক্ষ বাষট্টি হাজার তিন শত আটত্রিশ ) টাকা ক্ষতিপূরণ আদায় করে দেওয়া হয়েছে। টোল ফ্রি জাতীয় হেল্পলাইন ১৬৪৩০ চালুর মাধ্যমে গত তিন বছরে ৭৫,১৩১ (পঁচাত্তর হাজার এক শত একত্রিশ) জনকে আইনি পরামর্শ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, ২০১৯-২০২২ সালের মার্চ পর্যন্ত মোট ২৫, ০৬৯ (পঁচিশ হাজার উনসত্তর ) কারাবন্দীকে আইনগত সহায়তা প্রদান করা হয়েছে। পাশাপাশি, এই বিভাগ ও বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট হতে বিগত তিন বছরে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত বিচারক, সরকারি মামলা পরিচালনার দায়িত্ব পালনকারি সরকারি আইন কর্মকর্তা ও অধঃস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালে কর্মরত কর্মকর্তা-কর্মচারিগণসহ সর্বমোট ৩,৫২১ (তিন হাজার পাঁচ শত একুশ) জনকে বিচার প্রশাসন, আদালত ও মামলা ব্যবস্থাপনা, এডিআর ও তথ্য প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় বিগত তিন বছরে মোট ৩০১ জন প্রার্থীকে বাছাইক্রমে সহকারী জজ হিসেবে নিয়োগ প্রদানের জন্য সুপারিশ করেছে। আইন ও বিচার বিভাগ উক্ত পরামর্শ গ্রহণক্রমে তাদের চূড়ান্ত নিয়োগ প্রদান করেছে। অপরদিকে, নিবন্ধন অধিদপ্তরের মাধ্যমে বিগত ৩ বছরে ৮৮, ৮৪, ২৬৫ (আটাশি লক্ষ চুরাশি হাজার দুই শত পঁয়ষট্টি)টি দলিল রেজিস্ট্রেশন করে মোট ৭৪৩৩,৫৪,২৭,৮৯৬ (সাত হাজার চার শত তেত্রিশ কোটি চুয়ান্ন লক্ষ সাতাশ হাজার আট শত ছিয়ানব্বই) টাকা রাজস্ব অর্জন করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সীমিত ভৌত অবকাঠামো, মামলার সংখ্যানুপাতে বিচারকস্বল্পতা, দক্ষ ও পর্যাপ্ত সহায়ক জনবলের অভাব, জটিল ভূমি ব্যবস্থা, পদ্ধতিগত জটিলতা, আইনজীবীদের জবাবদিহিতা নিশ্চিত না হওয়া, বিকল্প পদ্ধতিতে বিরোধ নিস্পত্তিতে আইনজীবীদের অনীহা, তথ্য প্রযুক্তি ব্যবহারের সীমাবদ্ধতা অন্যতম চ্যালেঞ্জ। ভূমি নিবন্ধন কার্যক্রমে তথ্য-প্রযুক্তির ব্যবহার চালু না হওয়া এক্ষেত্রে সাফল্য অর্জনে বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত সকল বিচারক, আইন কর্মকর্তা ও আদালতের সহায়ক কর্মকর্তা-কর্মচারীকে ২০২৫ সালের মধ্যে প্রশিক্ষণের মাধ্যমে বিচার বিভাগের দক্ষতা বৃদ্ধি, ২০২৫ সালের মধ্যে ৩৬ (ছত্রিশ)টি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নির্মাণ করে অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে বিচার বিভাগের সক্ষমতা বৃদ্ধি করা, বিকল্প বিরোধ নিস্পত্তি ও ডিজিটাল মামলা ব্যবস্থাপনার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে মামলাজট নিরসন করা এবং জনগণকে সহজে আইনের আশ্রয় লাভের সুযোগ নিশ্চিত করা, বিচারকদের মামলা ব্যবস্থাপনা ও বিকল্প বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা ও ২০২৫ সালের মধ্যে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম বাস্তবায়ন করা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মোট বিচারপ্রার্থীর মধ্যে সম্ভাব্য ১, ২৫,০০০ জন বিচারপ্রার্থীকে সরকারী খরচে আইনী সহায়তা প্রদান;
- বিকল্প বিরোধ নিস্পত্তি (এডিআর)-এর মাধ্যমে মামলা দায়েরের পূর্বে ও পরে ২১০০০ বিরোধ/মামলা নিস্পত্তি;
- চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন, বার কাউন্সিল ভবন সহ ৭(সাট) টি অবকাঠামো নির্মাণ;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাংবিধানিক ও আইনগত বিষয়ে চাহিত সকল মতামতের মধ্যে ন্যুনতম ৯৬% মতামত প্রদান;
- ১০ টি জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ ও হস্তান্তর এবং আদালতে ডিজিটাল কার্যক্রম সম্প্রসারণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২২ সালের ..জুলাই... মাসের ......০৩...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

আইনের শাসন প্রতিষ্ঠায় স্বল্পতম সময়ে ও ন্যুনতম ব্যয়ে সুবিচার প্রদান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিচার ব্যবস্থার প্রাতিষ্ঠানিক ও কাঠামোগত উন্নয়ন সাধন করে ন্যায় বিচার প্রাপ্তি নিশ্চিতকরণে সহায়ক পরিবেশ সৃষ্টি।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিচার ব্যবস্থায় অভিগমনে (Access) সাম্যতা বিধান;
২. বিচার ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি;
৩. ভূমি নিবন্ধন ব্যবস্থাপনা সহজীকরণ;
৪. সরকারের সম্পত্তি, অধিকার ও অন্যান্য স্বার্থ সংরক্ষণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সুপ্রীমকোর্ট সংশ্লিষ্ট বিষয়াদি, মাননীয় প্রধানবিচারপতি ও অন্যান্য মাননীয় বিচারপতিদের নিয়োগ, চাকুরির শর্তাদি সংক্রান্তবিধি- বিধান প্রণয়ন;
২. সকল মন্ত্রণালয় ও বিভাগকে তাদের চাহিদা অনুযায়ী সাংবিধানিক ও আইনগত বিষয়াদি সম্পর্কে পরামর্শ প্রদান;
৩. বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের যাবতীয় বিষয়াদি;
৪. আদালত ও ট্রাইব্যুনালসমূহের ফি, জুডিসিয়াল স্ট্যাম্প, কোর্ট ফি, ও অন্যান্য স্ট্যাম্প ফি'র হার নির্ধারণ ও আদায়;
৫. আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচারপ্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীকে আইনগত পরামর্শ প্রদান, আইনজীবীদের ফিস প্রদান ও মামলার খরচ প্রদান সহ অন্য যে কোন সহায়তা প্রদান;
৬. আদালত ভবন নির্মাণ ও সংস্কারের মাধ্যমে অবকাঠামোর উন্নয়ন করা;
৭. বাংলাদেশ সুপ্রীমকোর্টসহ সকল আদালতে বিচারাধীন মামলা সরকারের পক্ষে পরিচালনা করা;
৮. সংক্ষুদ্ধ সরকারী কর্মকর্তা-কর্মচারীর চাকুরি সংক্রান্ত মোকদ্দমা-আপীল নিষ্পত্তি করা;
৯. বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত সকল বিচারকদের নিয়োগ, পদোন্নতি, বদলী ও বিভাগীয় ব্যবস্থা গ্রহণ;
১০. সরকারের পক্ষে মামলা পরিচালনার জন্য সরকারী কৌশলীদের নিয়োগ ও তাদের ফি পরিশোধ;
১১. জমি ও নিকাহ্ রেজিস্ট্রেশন সংক্রান্ত নীতি নির্ধারণী কার্যাদি।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ২০২৫ সালের মধ্যে বিচার ব্যবস্থার অবকাঠামো ও জনবলের ক্ষেত্রে সক্ষমতা অর্জন; | বিচারক, কর্মকর্তা, কর্মচারী, ও প্রসিকিউটরদের প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৬০ | ৬০.১% | ৪৫% | ৩২% | ৩৫% | আইন ও বিচার বিভাগ | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| | অবকাঠামো নির্মাণ | সংখ্যা | ৬ | ৬ | ৭ | | | গৃহায়ণ ও গণপূর্ত | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| ২০২৫ সালের মধ্যে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আইনগত সহায়তা কার্যক্রম বাস্তবায়ন; | মামলা দায়েরের পূর্বে মীমাংসার মাধ্যমে এবং মামলা দায়েরের পর আপোষ নিষ্পত্তির মাধ্যমে মামলা জট হ্রাস | সংখ্যা | ১৮৩৪৫ | ২০০০০ | ২১০০০ | ২৩০০০ | ২৫০০০ | জাআসপ্রস | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| | আর্থিকভাবে অস্বচ্ছল ব্যক্তিদের আইনগত সহায়তা প্রদান | সংখ্যা | ৯৫০০০ | | ১,২৫,০০০ | ১,৫০,০০০ | ২,০০,০০০ | জাআসপ্রস | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| ২০২৫ সালের মধ্যে দক্ষ ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে নিবন্ধন সেবা নিশ্চিতকরণ; | নিবন্ধন কার্যক্রমে গতিশীলতা আনয়নে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ২৫০০ | ৫০৫৭ | ২৭৫০ | ২৭৫০ | ২৮০০ | নিবন্ধন অধিদপ্তর | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| | রেজিস্ট্রেশন অবকাঠামো নির্মাণ | সংখ্যা | ১৭ | ১৭ | ১০ | ১০ | | গৃহায়ণ ও গণপূর্ত | অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| সরকারের সম্পত্তি, অধিকার ও অন্যান্য স্বার্থ সংরক্ষণ। | সরকারের সম্পত্তি, অধিকার, স্বার্থ রক্ষায় বিভিন্ন মামলা/আপীল পরিচালনা | % | ৯৫% | ৯৬% | ৯৬% | ৯৭% | ৯৮% | আইন ও বিচার বিভাগ | সলিসিটর অনুবিভাগ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন |
| | সাংবিধানিক ও অন্যান্য বিষয়ে সরকারী দপ্তর সংস্থার চাহিত মতে আইনগত মতামত প্রদান | % | ৯৫% | ৯৯% | ৯৬% | ৯৭% | ৯৮% | আইন ও বিচার বিভাগ | অনুবিভাগ প্রধান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] বিচার ব্যবস্থায় অভিগমনে (Access) সাম্যতা বিধান; | ২৩ | [১.১] গরীব ও অসহায় ব্যক্তিদের সরকারী অর্থে আইনগত সহায়তা প্রদান | [১.১.১] সহায়তাপ্রাপ্ত আবেদনকারী | সমষ্টি | সংখ্যা | ৪ | ৯৫০০০ | | ১২৫০০০ | ১২০০০০ | ১১৫০০০ | | | ১৫০০০০ | ২০০০০০ |
| | | [১.২] আইন সহায়তা কার্যক্রম পরিবীক্ষণ। | [১.২.১] বিভাগ কর্তৃক জেলা পর্যায়ে প্রদত্ত আইনগত সেবার মান পরিবীক্ষণের জন্য জেলা লিগ্যাল এইড অফিস পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ২ | ১২ | | ১২ | ১০ | ৮ | | | ১৫ | ১৮ |
| | | [১.৩] কল সেন্টারের / হট লাইনের মাধ্যমে আইনী পরামর্শ ও তথ্য সেবা প্রদান | [১.৩.১] প্রকৃত আইনী সহায়তা প্রাপ্ত সুবিধাভোগী | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৮৫১৯ | | ৩২০০০ | ৩০০০০ | ২৮০০০ | | | ৩৫০০০ | ৩৮০০০ |
| | | [১.৪] আইনগত সহায়তা প্রদানের বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন | [১.৪.১] ২০ টি জেলায় আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২০ | ১৮ | ১৬ | | | ২৫ | ৩০ |
| | | [১.৫] আইনগত সহায়তা প্রদানকারীগণের প্রশিক্ষণ | [১.৫.১] প্রশিক্ষিত কর্মকর্তা | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ৩১৯ | | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | | [১.৫.২] প্রশিক্ষিত কর্মচারী | সমষ্টি | সংখ্যা | ২ | ১৭৬ | | ১০০ | ৯৫ | | | | ২৪০ | ২৬০ |
| | | [১.৬] উদ্বুদ্ধকরণ কর্মসূচী | [১.৬.১] ৬৪টি জেলায় প্যানেল আইনজীবীগণের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | ৪০০ | | ৪২৫ | ৪০০ | ৩৭৫ | | | ৪২৫ | ৪৫০ |
| | | [১.৭] আইনের সাথে সম্পর্কিত ও সংঘাতে জড়িত শিশুদের আইনি সহায়তা প্রদান | [১.৭.১] আইনি সেবা প্রদানের হার | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | | | ১০০ | ১০০ |
| | | [১.৮] নারী আবেদনকারীগণকে আইন সহায়তা কার্যক্রমের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি | [১.৮.১] নারী আবেদনকারীগণকে আইন সহায়তা প্রদানের হার | গড় | % | ২ | | ৯৬ | ৮০ | ৭৫ | ৭০ | | | ৮৫ | ৮৭ |
| | | [১.৯] আইনী সেবা ও বিকল্প পদ্ধতিতে বিরোধ নিস্পত্তি সম্পর্কে তৃণমূল পর্যায়ে সচেতনতা বৃদ্ধি | [১.৯.১] ১০০টি উপজেলায় সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক, গণশুনানী অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪০০ | ৩৮০ | ৩৬০ | | | ৪৫০ | ৫০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] বিচার ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি; | ২০ | [২.১] বিচার কার্যে সংশ্লিষ্ট বিচারক, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক | সমষ্টি | % | ৩ | ৬০ | ৬০.১ | ৪৫ | ৪২ | ৪০ | | | ৪৭ | ৫০ |
| | | | [২.১.২] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সমষ্টি | সংখ্যা | ২ | ৪৫ | ১১৭ | ১০০ | ৯০ | ৮০ | | | ১২০ | ১৪০ |
| | | [২.২] পাবলিক প্রসিকিউটরগণের প্রশিক্ষণের ব্যবস্থাকরণ | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত পাবলিক প্রসিকিউটর | সমষ্টি | % | ৩ | ৬৩০ | ৪৭৬ | ১০ | ৯ | ৮ | | | ১১ | ১২ |
| | | [২.৩] বিকল্প বিরোধ নিস্পত্তির মাধ্যমে মামলা নিস্পত্তি | [২.৩.১] মামলা দায়েরের পূর্বে ও পরে মীমাংসার মাধ্যমে নিস্পত্তি | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৮৩৪৫ | | ২১০০০ | ২০০০০ | ১৯০০০ | ১৮০০০ | | ২৩০০০ | ২৫০০০ |
| | | [২.৪] আদালত/ট্রাইব্যুনালে ডিজিটাল নেটওয়ার্ক স্থাপন | [২.৪.১] ডিজিটাল নেটওয়ার্কভুক্ত আদালত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ২০০ | ৩০০ | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৫] বিচারকার্যে সহায়ক অবকাঠামো নির্মাণ | [২.৫.১] নির্মিত পূর্ণাঙ্গ আদালত ভবন | সমষ্টি | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৫ | ৪ | | | | | |
| | | | [২.৫.২] নির্মাণকার্যের বাস্তব অগ্রগতি পরিবীক্ষণ | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৬] শিশু আইন ২০১৩ ও তৎসম্পর্কিত আইনসমূহের উপর বিচারক এবং অন্যান্যদের প্রশিক্ষণ প্রদান | [২.৬.১] প্রশিক্ষিত বিচারক/ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী | সমষ্টি | % | ২ | ৩০০ | | ১৭ | ১৫ | ১৪ | | | ১৮ | ২০ |
| | | [২.৭] সমসাময়িক বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ | [২.৭.১] প্রশিক্ষণের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৭ | ৬ | | | | ৮ | ৯ |
| [৩] ভূমি নিবন্ধন ব্যবস্থাপনা সহজীকরণ; | ১৭ | [৩.১] জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার ও সহকারীদের পেশাগত জ্ঞান, সুশাসন ও প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষিত সাব-রেজিস্ট্রার | সমষ্টি | সংখ্যা | ২ | ২০০ | | ২০০ | ১৮০ | ১৬০ | | | ২২০ | ২৪০ |
| | | | [৩.১.২] প্রশিক্ষিত জেলা রেজিস্ট্রার | সমষ্টি | সংখ্যা | ২ | ৪০ | ৫৯ | ৫০ | ৪৫ | ৪২ | | | ৫৫ | ৫৮ |
| | | | [৩.১.৩] প্রশিক্ষিত সহায়ক কর্মচারী | সমষ্টি | সংখ্যা | ১ | ১২০০ | ১৯৫৫ | ১২৫০ | ১২০০ | ১১০০ | ১০০০ | | ১৩৫০ | ১৪০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | | [৩.১.৪] প্রশিক্ষিত দলিল লিখক | সমষ্টি | সংখ্যা | ১ | ২৩৭১ | | ১৩০০ | ১২৫০ | ১২০০ | | | ১৩৫০ | ১৪০০ |
| | | [৩.২] নিবন্ধনকার্য সম্পাদন এবং নিবন্ধিত দলিলের নকলকরণ | [৩.২.১] রেজিস্ট্রিকৃত দলিল | সমষ্টি | সংখ্যা | ২ | ৩০০০০০০ | | ৩১০০০০০ | ৩০০০০০০ | | | | ৩২০০০০০ | ৩৩০০০০০ |
| | | [৩.৩] জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ ও হস্তান্তর | [৩.৩.১] ব্যাবহারোপযোগী হস্তান্তরিত রেজিস্ট্রি ভবন | সমষ্টি | সংখ্যা | ২ | ১৭ | ১৭ | ১০ | ১০ | | | | ১২ | |
| | | [৩.৪] জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন | [৩.৪.১] জেলা রেজিস্ট্রি অফিস পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১৫ | ১৩ | | | | ১৮ | ২০ |
| | | | [৩.৪.২] সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | ২৯ | ৮৬ | ৩৫ | ৩০ | | | | ৪০ | ৪৫ |
| | | | [৩.৪.৩] নিকাহ রেজিস্ট্রার কার্যালয় পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ১ | | ৪৬ | ৪০ | ৩৫ | ৩০ | | | ৫০ | ৬০ |
| | | | [৩.৪.৪] সুপারিশ বাস্তবায়নের হার | সমষ্টি | % | ১ | | ৪ | ৯০ | ৮৫ | ৮০ | | | ৯৫ | ১০০ |
| | | [৩.৫] নিকাহ রেজিস্ট্রারদের প্রশিক্ষণ প্রদান এবং উদ্ধুদ্ধকরণ | [৩.৫.১] প্রশিক্ষিত নিকাহ রেজিস্ট্রার | সমষ্টি | সংখ্যা | ১ | ৪৮৬ | ৮৮১ | ৬০০ | ৫৫০ | ৫০০ | | | ৬৫০ | ৭০০ |
| | | [৩.৬] নিবন্ধন সেবা সম্পর্কে সেবাগ্রহীতাগণকে অবহিতকরণ | [৩.৬.১] সাব-রেজিস্ট্রি অফিসে তথ্য ডেস্ক স্থাপন | সমষ্টি | % | ২ | | | ২৫ | ২৩ | ২১ | | | ২৭ | ৩০ |
| [৪] সরকারের সম্পত্তি, অধিকার ও অন্যান্য স্বার্থ সংরক্ষণ। | ১০ | [৪.১] বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাংবিধানিক ও আইনগত বিষয়ে মতামত অনুবিভাগ হতে প্রদানকৃত মতামত | [৪.১.১] প্রদানকৃত মতামত | গড় | % | ৩ | ৯৬.৭ | | ৯৬ | ৯৫ | ৯৪ | | | ৯৭ | ৯৮ |
| | | [৪.২] মতামত প্রদান সংক্রান্ত বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দকে প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | জন | ২ | | | ৩০ | ২৫ | ২০ | | | ৩৫ | ৪০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৩] সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা, আপীল, রিভিও, ও রিভিশন পরিচালনার ক্ষেত্রে সলিসিটর অনুবিভাগ হতে প্রদানকৃত মতামত | [৪.৩.১] প্রদানকৃত মতামত | গড় | % | ৩ | ৯৭.৫ | | ৯৬ | ৯৫ | ৯৪ | | | ৯৭ | ৯৮ |
| | | [৪.৪] সলিসিটর অনুবিভাগ সংক্রান্ত বিষয়ে অবহিতকরণ কর্মশালা | [৪.৪.১] অংশগ্রহণকারীদের সংখ্যা | সমষ্টি | জন | ২ | | | ৩০ | ২৫ | ২০ | | | ৩৫ | ৪০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৬.০৭.২০২২

সচিব
আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ
বিষয়ক মন্ত্রণালয়

তারিখ

০৬.০৭.২০২২

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিআর | বিকল্প বিরোধ নিস্পত্তি (অল্টারনেটিভ ডিসপুট রেজুলেশন) |
| ২ | এমবিএফ | মধ্যবর্তী বাজেট কাঠামো (মিডটার্ম বাজেট ফ্রেমওয়ার্ক ) |
| ৩ | এসডিজি | টেকসই উন্নয়ন অভিষ্ট (সাসটেইনেবল ডেভেলাপম্যান্ট গোলস) |
| ৪ | জাআসপ্রস | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা |
| ৫ | জাটি | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (জুডিসিয়াল অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং ইনস্টিটিউশন) |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] গরীব ও অসহায় ব্যক্তিদের সরকারী অর্থে আইনগত সহায়তা প্রদান | [১.১.১] সহায়তাপ্রাপ্ত আবেদনকারী | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.২] আইন সহায়তা কার্যক্রম পরিবীক্ষণ। | [১.২.১] বিভাগ কর্তৃক জেলা পর্যায়ে প্রদত্ত আইনগত সেবার মান পরিবীক্ষণের জন্য জেলা লিগ্যাল এইড অফিস পরিদর্শন | আইন ও বিচার বিভাগ | পরিদর্শন প্রতিবেদন |
| [১.৩] কল সেন্টারের / হট লাইনের মাধ্যমে আইনী পরামর্শ ও তথ্য সেবা প্রদান | [১.৩.১] প্রকৃত আইনী সহায়তা প্রাপ্ত সুবিধাভোগী | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৪] আইনগত সহায়তা প্রদানের বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন | [১.৪.১] ২০ টি জেলায় আয়োজিত সচেতনতামূলক অনুষ্ঠান | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৫] আইনগত সহায়তা প্রদানকারীগণের প্রশিক্ষণ | [১.৫.১] প্রশিক্ষিত কর্মকর্তা | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [১.৫.২] প্রশিক্ষিত কর্মচারী | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৬] উদ্বুদ্ধকরণ কর্মসূচী | [১.৬.১] ৬৪টি জেলায় প্যানেল আইনজীবীগণের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৭] আইনের সাথে সম্পর্কিত ও সংঘাতে জড়িত শিশুদের আইনি সহায়তা প্রদান | [১.৭.১] আইনি সেবা প্রদানের হার | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৮] নারী আবেদনকারীগণকে আইন সহায়তা কার্যক্রমের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি | [১.৮.১] নারী আবেদনকারীগণকে আইন সহায়তা প্রদানের হার | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [১.৯] আইনী সেবা ও বিকল্প পদ্ধতিতে বিরোধ নিস্পত্তি সম্পর্কে তৃণমূল পর্যায়ে সচেতনতা বৃদ্ধি | [১.৯.১] ১০০টি উপজেলায় সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক, গণশুনানী অনুষ্ঠান | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন, স্থিরচিত্র |
| [২.১] বিচার কার্যে সংশ্লিষ্ট বিচারক, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক | আইন ও বিচার বিভাগ, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট | প্রশিক্ষনের জি.ও |
| [২.১] বিচার কার্যে সংশ্লিষ্ট বিচারক, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.১.২] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | আইন ও বিচার বিভাগ, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট | প্রশিক্ষনের জি.ও |
| [২.২] পাবলিক প্রসিকিউটরগণের প্রশিক্ষণের ব্যবস্থাকরণ | [২.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত পাবলিক প্রসিকিউটর | প্রশাসন অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ | প্রশিক্ষনের জি.ও |
| [২.৩] বিকল্প বিরোধ নিস্পত্তির মাধ্যমে মামলা নিস্পত্তি | [২.৩.১] মামলা দায়েরের পূর্বে ও পরে মীমাংসার মাধ্যমে নিস্পত্তি | জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা/বাংলাদেশ সুপ্রীম কোর্ট | সুপ্রীম কোর্ট ও জাআসপ্রস এর পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [২.৪] আদালত/ট্রাইব্যুনালে ডিজিটাল নেটওয়ার্ক স্থাপন | [২.৪.১] ডিজিটাল নেটওয়ার্কভুক্ত আদালত | বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ | বাজেট অনুবিভাগ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৫] বিচারকার্যে সহায়ক অবকাঠামো নির্মাণ | [২.৫.১] নির্মিত পূর্ণাঙ্গ আদালত ভবন | বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ | পরিকল্পনা ইউনিট হতে প্রদত্ত প্রতিবেদন |
| | [২.৫.২] নির্মাণকার্যের বাস্তব অগ্রগতি পরিবীক্ষণ | বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ | পরিকল্পনা ইউনিট হতে প্রদত্ত প্রতিবেদন |
| [২.৬] শিশু আইন ২০১৩ ও তৎসম্পর্কিত আইনসমূহের উপর বিচারক এবং অন্যান্যদের প্রশিক্ষণ প্রদান | [২.৬.১] প্রশিক্ষিত বিচারক/ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী | আইন ও বিচার বিভাগ, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট | প্রশিক্ষনের জি.ও |
| [২.৭] সমসাময়িক বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ | [২.৭.১] প্রশিক্ষণের সংখ্যা | আইন ও বিচার বিভাগ | প্রশিক্ষনের জি.ও |
| [৩.১] জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার ও সহকারীদের পেশাগত জ্ঞান, সুশাসন ও প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষিত সাব-রেজিস্ট্রার | নিবন্ধন অধিদপ্তর | প্রশিক্ষনের জি.ও/উপস্থিতির তালিকা |
| | [৩.১.২] প্রশিক্ষিত জেলা রেজিস্ট্রার | নিবন্ধন অধিদপ্তর | প্রশিক্ষনের জি.ও/উপস্থিতির তালিকা |
| | [৩.১.৩] প্রশিক্ষিত সহায়ক কর্মচারী | নিবন্ধন অধিদপ্তর | প্রশিক্ষনের জি.ও/উপস্থিতির তালিকা |
| [৩.১] জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার ও সহকারীদের পেশাগত জ্ঞান, সুশাসন ও প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [৩.১.৪] প্রশিক্ষিত দলিল লিখক | নিবন্ধন অধিদপ্তর | প্রশিক্ষনের জি.ও/উপস্থিতির তালিকা |
| [৩.২] নিবন্ধনকার্য সম্পাদন এবং নিবন্ধিত দলিলের নকলকরণ | [৩.২.১] রেজিস্ট্রিকৃত দলিল | নিবন্ধন অধিদপ্তর | মহাপরিদর্শক, নিবন্ধন কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [৩.৩] জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ ও হস্তান্তর | [৩.৩.১] ব্যাবহারোপযোগী হস্তান্তরিত রেজিস্ট্রি ভবন | বাজেট ও উন্নয়ন অনুবিভাগ | পরিকল্পনা ইউনিট হতে প্রদত্ত প্রতিবেদন |
| [৩.৪] জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন | [৩.৪.১] জেলা রেজিস্ট্রি অফিস পরিদর্শন | নিবন্ধন অধিদপ্তর, আইন ও বিচার বিভাগ | মহাপরিদর্শক, নিবন্ধন কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [৩.৪.২] সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন | নিবন্ধন অধিদপ্তর, আইন ও বিচার বিভাগ | মহাপরিদর্শক, নিবন্ধন কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [৩.৪.৩] নিকাহ রেজিস্ট্রার কার্যালয় পরিদর্শন | নিবন্ধন অধিদপ্তর, আইন ও বিচার বিভাগ | মহাপরিদর্শক, নিবন্ধন কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| | [৩.৪.৪] সুপারিশ বাস্তবায়নের হার | আইন ও বিচার বিভাগ | আইন ও বিচার বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন |
| [৩.৫] নিকাহ রেজিস্ট্রারদের প্রশিক্ষণ প্রদান এবং উদ্বুদ্ধকরণ | [৩.৫.১] প্রশিক্ষিত নিকাহ রেজিস্ট্রার | আইন ও বিচার বিভাগ | প্রশিক্ষনের জি.ও |
| [৩.৬] নিবন্ধন সেবা সম্পর্কে সেবাগ্রহীতাগণকে অবহিতকরণ | [৩.৬.১] সাব-রেজিস্ট্রি অফিসে তথ্য ডেস্ক স্থাপন | নিবন্ধন অধিদপ্তর | মহাপরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |
| [৪.১] বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাংবিধানিক ও আইনগত বিষয়ে মতামত অনুবিভাগ হতে প্রদানকৃত মতামত | [৪.১.১] প্রদানকৃত মতামত | মতামত অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ | অনুবিভাগ প্রধান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন |
| [৪.২] মতামত প্রদান সংক্রান্ত বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দকে প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশাসন অনুবিভাগ (২) | অনুবিভাগ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন |
| [৪.৩] সরকারের পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলা, আপীল, রিভিও, ও রিভিশন পরিচালনার ক্ষেত্রে সলিসিটর অনুবিভাগ হতে প্রদানকৃত মতামত | [৪.৩.১] প্রদানকৃত মতামত | সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ | সলিসিটর কর্তৃক প্রদত্ত প্রতিবেদন |
| [৪.৪] সলিসিটর অনুবিভাগ সংক্রান্ত বিষয়ে অবহিতকরণ কর্মশালা | [৪.৪.১] অংশগ্রহণকারীদের সংখ্যা | প্রশাসন (২) ও সলিসিটর অনুবিভাগ | প্রশাসন (২) অনুবিভাগ প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বিকল্প বিরোধ নিস্পত্তির মাধ্যমে মামলা নিস্পত্তি | মামলা দায়েরের পূর্বে ও পরে মীমাংসার মাধ্যমে নিস্পত্তি | স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা |
| জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ ও হস্তান্তর | হস্তান্তরিত রেজিস্ট্রি ভবন | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | নির্ধারিত মেয়াদ মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করা |
| বিচারকার্যে সহায়ক অবকাঠামো নির্মাণ | নির্মিত অবকাঠামো | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | নির্ধারিত মেয়াদ মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করা |

## সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- |
| ১ | বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) | ক. আইনের শাসন প্রবর্ধন (অধ্যায়-২, পৃষ্ঠা-১২ ) খ. শক্তিশালী বিচার ব্যবস্থা (অধ্যায়-২, পৃষ্ঠা-১২) গ. বিচারকদের দক্ষতা বৃদ্ধি (অধ্যায়-২, পৃষ্ঠা-১২) | ক. বিচার ব্যবস্থার অভিগমনে সাম্যতা বৃদ্ধি (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.৩.১) খ. শক্তিশালী বিচার ব্যবস্থা প্রতিষ্ঠায় অবকাঠামো নির্মাণ (কর্মসম্পাদন সূচক-২.৫.১) গ. ইন্টারনেট নেটওয়ার্ক স্থাপন (কর্মসম্পাদন সূচক-২.৪.১) ঘ. সকল পর্যায়ের বিচারকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান (কর্মসম্পাদন সূচক-২.১.১,২.৬.১ এবং ২.৭.১) | |
| ২ | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG's) লক্ষ্যমাত্রা: ১৬.৩ | ক. আইনের শাসন প্রবর্ধন খ. বিচার ব্যবস্থার অভিগমনে সাম্যতা বিধান (চ্যাপ্টার-১৬, গোল-১৬, টার্গেট-১৬.৩ পেইজ-১১৭) | ক. বিচার ব্যবস্থার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিচার কার্যে সহায়ক বিচারক/কর্মচারী/পাবলিক প্রসিকিউটরদের প্রশিক্ষণ প্রদান (কর্মসম্পাদন সূচক-২.১.১,২.১.২,২.২.১,২.৩.১,২.৬.১ এবং ২.৭.১) খ. মামলা জট নিরসনের লক্ষ্যে বিকল্প পদ্ধতিতে মামলা দায়েরের পূর্বে ও পরে বিরোধ নিস্পত্তি, শিশু বিচারপ্রার্থীগণের শতভাগ আইন সহায়তা প্রদান, নারী বিচারপ্রার্থীগণকে আইন সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র বিমোচন ও সক্ষমতা বৃদ্ধি, পাবলিক প্রসিকিউটরদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্য প্রশিক্ষণ প্রদান (কর্মসম্পাদন সূচক-২.৩.১,১.৭.১,১.৮.১, ১.৯.১ এবং ২.২.১) | |
| ৩ | অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা | ক. বিচার ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি খ. বিকল্প পদ্ধতিতে বিরোধ/মামলা নিস্পত্তির মাধ্যমে মামলা জট হ্রাস গ. আইনগতভাবে অস্বচ্ছল, সহায়সম্বলহীন বিচারপ্রার্থীগণের মধ্যে আইন সহায়তা কার্যক্রম বৃদ্ধি ঘ. শিশু বিচারপ্রার্থীকে আইনগত সহায়তা নিশ্চিতকরণ ঙ. নারী বিচার প্রার্থীকে আইনগত সহায়তা প্রদানের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি চ. পাবলিক প্রসিকিউটরদের পেশাগত দক্ষতা বৃদ্ধি (পার্ট-২, পৃষ্ঠা-১৭৫ ) | ক. বিচার ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিচার কার্যে সহায়ক বিচারক/কর্মচারী/পাবলিক প্রসিকিউটরদের প্রশিক্ষণ প্রদান (কর্মসম্পাদন সূচক-২.১.১, ২.১.২, ২.২.১, ২.৩.১, ২.৬.১ এবং ২.৭.১) খ. মামলা জট নিরসনের লক্ষ্যে বিকল্প পদ্ধতিতে মামলা দায়েরের পূর্বে ও পরে বিরোধ নিস্পত্তি (কর্মসম্পাদন সূচক-২.৩.১) গ. আইনগত সহায়তা প্রদানের মাধ্যমে অস্বচ্ছল ও দরিদ্র জনগণকে আইনের সমান সুযোগ লাভের অধিকার নিশ্চিত করা হয়েছে (কর্মসম্পাদন সূচক-১.১.১ এবং ১.৩.১) ঘ. শিশু বিচার প্রার্থীগণের শতভাগ আইন সহায়তা প্রদান (কর্মসম্পাদন সূচক-১.৭.১) ঙ. নারী বিচার প্রার্থীগণকে আইন সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র বিমোচন ও সক্ষমতা বৃদ্ধি (কর্মসম্পাদন সূচক-১.৮.১) চ. পাবলিক প্রসিকিউটরদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান (কর্মসম্পাদন সূচক-২.২.১) | |
| ৪ | আইন ও বিচার বিভাগের মধ্যমেয়াদী বাজেট কাঠামো | ক. মিশন স্টেটমেন্ট খ. প্রধান কার্যাবলী গ. কৌশলগত উদ্দেশ্য ঘ. প্রধান কর্মকৃতি | ক. APA-তে MBF - এর অনুরূপ মিশন স্টেটমেন্ট নেয়া হয়েছে খ. MBF - এর প্রধান কার্যাবলী অন্তর্ভুক্ত করা হয়েছে গ. এমবিএফ এর ২,৩,৪ এবং ৬ নং কৌশলগত উদ্দেশ্য এপিএ-তে একই রুপে প্রতিফলিত হয়েছে ঘ. আইনগত সহায়তা প্রদান করে বিচারব্যবস্থায় প্রবেশাধিকার নিশ্চিতকরণ (কর্মসম্পাদ সূচক-১.১.১, ১.৩.১) ঙ. আদালত ও ট্রাইব্যুনালসমূহ ইন্টারনেট নেটওয়ার্কের আওতায় আনয়ন করা হয়েছে (কর্মসম্পাদন সূচক-২.৪.১) | |
| ৫ | নির্বাচনী ইশতেহার ২০১৮ | ক. প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয় ও সাহায্য-সহায়তা লাভের সুযোগ-সুবিধা অবারিত করা হবে খ. বিচার বিভাগের স্বাধীনতা সংরক্ষণ (নির্বাচনী ইশতেহার এর ৩.২ দফা) | ক. আইনগত সহায়তা প্রদানের মাধ্যমে অস্বচ্ছল ও দরিদ্র জনগণকে আইনের সমান সুযোগ লাভের অধিকার নিশ্চিত করা হয়েছে (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.৩.১) খ. বিচারকগণকে স্বাধীনভাবে ও দক্ষতার সাথে ন্যায় বিচার নিশ্চিতকরার জন্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা হচ্ছে (কর্মসম্পাদন সূচক-২.১.১, ২.৬.১, ২.৭.১) | |

## সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ